

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৩

নভেম্বর ০৪, ২০১০
তারিখ :-----
কার্তিক ২০, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ গ্রহণের উদ্দেশ্য অনুসারে ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত করা প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং ১৭/২০০৩ এর মাধ্যমে প্রদত্ত Guidelines on managing Core risks in banking এর Guidelines on Credit risk management এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত গাইডলাইন্সের ১.২.১ উপ-অনুচ্ছেদ মোতাবেক ঋণ আবেদনপত্রে ঋণের উদ্দেশ্য উল্লেখ করার বাধ্যবাধকতা রয়েছে। নির্দিষ্ট উদ্দেশ্যে ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত এবং প্রদত্ত ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত করা ব্যাংকের দায়িত্ব।

কিন্তু, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক হতে যে উদ্দেশ্যে গ্রাহক কর্তৃক ঋণ গ্রহণ করা হয়েছে সে খাতে ঋণ ব্যবহৃত না হয়ে অন্যত্র ব্যবহৃত হচ্ছে। উক্ত ব্যাংকসমূহের ঋণ তদারকী ব্যবস্থা দুর্বল থাকায় গ্রাহকের আবেদনপত্রে উল্লেখিত উদ্দেশ্য অনুযায়ী যথাযথ খাতে বিশেষতঃ উৎপাদনশীল খাতে প্রদত্ত ঋণ অনুৎপাদনশীল খাতে ব্যবহৃত হওয়ায় অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়ছে।

এতদপ্রেক্ষিতে, কোন গ্রাহককে ঋণ বিতরণের সাথে সাথে গ্রাহকের ঋণ আবেদনপত্রে উল্লেখিত ঋণের উদ্দেশ্য অনুযায়ী ঋণ/বিনিয়োগ যথাযথ খাতে ব্যবহৃত হচ্ছে কিনা তা নিশ্চিতকরতঃ নিয়মিত মনিটরিং অব্যাহত রাখার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫